

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৪২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৮৯]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ৭. মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণীঃ "ঈদের দু'মাস অসম্পূর্ণ হয় না"

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ أَخْبَرَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، عَنْ خَالِدٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ، بْنِ أَبِي بَكْرَةَ عَنْ أَبِيهِ، _ رضى الله عنه _ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " شَهْرَا عِيدٍ لاَ يَنْقُصنَانِ رَمَضنَانُ وَذُو الْحِجَّةِ " .

বাংলা

২৪২১-(৩১/১০৮৯) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) আবদুর রহমান ইবনু আবূ বকরাহ তার পিতা (রাযিঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঈদের দু'মাস অসম্পূর্ণ হয় না। সে মাস দুটি হলো-রমযান ও যিলহাজ্জ।* (ইসলামিক ফাউন্ডেশন ২৩৯৮, ইসলামীক সেন্টার ২৩৯৮[ক])

English

The son of Abu Bakra reported it on the authority of his father that the Messenger of Allah (ﷺ) had said:

The two months of 'Id, Ramadan and Dhu'l-Hijja (are not incomplete).

ফুটনোট

* সহীহ ও গ্রহণযোগ্য কথা হলো, এ উভয় মাসের সাওয়াব কোন অবস্থায় ঘাটতি পড়বে না ত্রিশ দিনে হোক বা উনত্রিশ দিনে। ফলকথা এই যে, একদিন কম হওয়ার কারণে যে, সাওয়াবও কম হবে তা নয়; আবার কেউ বলেছেন, একই বছরে উভয় মাস উনত্রিশ দিনে হয় না। যদি এক মাস উনত্রিশ দিনে হয় তবে অন্য মাস ত্রিশ দিনে। আবার কেউ বলেছেন, সাওয়াবের দিক দিয়ে উভয় মাস সমান অর্থাৎ রমাযানে সওম পালন আছে অন্য দিকে যিলহাজ্জ মাসে আছে হাজ্জ (হজ্জ/হজ) পালন। কিন্তু এ সকল অভিমত সঠিক নয় দুর্বল। বরং সঠিক কথা তাই যা প্রথমে বলা হয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ বাকরা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন